# যাদুকর ও জ্যোতিষীর গলায় ধারালো তরবারি

বিভাগ/অধ্যায়ঃ যাদুকরের জ্বিন হাজির করার পদ্ধতি

রচয়িতা/সঙ্কলকঃ ওয়াহীদ বিন আব্দুস সালাম বালী

তৃতীয় পদ্ধতিঃ নিকৃষ্টতম পদ্ধতি

এটি অতি নিকৃষ্টতম পদ্ধতি। এতে শয়তানের এক বড় দল অংশ নেয় ও যাদুকরের খেদমত করে এবং তার হুকুম বাস্তবায়ন করে। কেননা যাদুকর এতে সর্ববৃহৎ কুফরী ও কঠিনভাবে নাস্তিকের পরিচয় দেয়।

এ পদ্ধতির বিশ্লেষণঃ যাদুকর (আল্লাহর লা'নত হোক) জুতা পায়ে কুরআন মাজীদ পদদলিত করে তা নিয়ে পায়খানায় প্রবেশ করে। অতঃপর পায়খানায় কুফরী কালাম পড়ে একটি কক্ষে ফিরে আসে এবং জিনকে যা ইচ্ছা হুকুম করে। জিন দ্রুত তখন তার অনুসরণ করে ও হুকুম পালন করে থাকে। আর জিন তা করে থাকে শুধুমাত্র যাদুকরের মহান আল্লাহর সাথে কুফরী করার জন্য। এভাবে সে শয়তানের ভাইয়ে পরিণত হয় এবং স্পষ্ট ক্ষতিগ্রস্ত হয়ে যায়। যার ফলে তার প্রতি আল্লাহর লা'নত বর্ষিত হয়।

এ পদ্ধতির যাদুকরের সাথে বেশ কিছু কবীরা গুনায় পতিত হওয়ার শর্তারোপ করা হয়। যেমনঃ যা কিছু উল্লেখ হয়েছে তা ছাড়াও হারাম কাজ সমূহে পতিত হওয়া, সমকামিতা, ব্যাভিচার, ধর্মকে গালি দেয়া ইত্যাদি। এসবগুলি করে থাকে শয়তানের সন্তুষ্টি অর্জনের জন্যে ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5871

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন